# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576

নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২-৭১৩

তারিখ: ১৬ অগ্রহায়ণ, ১৪২৯ / ০১ ডিসেম্বর, ২০২২

**বিষয়: মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.২১৮; তারিখ: ১৪ নভেম্বর ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে প্রাপ্ত পত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রে মহান বিজয় দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি, এম.পি. এর সভাপতিত্বে গত ০৭ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীতে গৃহীত সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৬ (ছয়) পৃষ্ঠা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০২.১২.২২

(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ইমেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: অধ্যক্ষ/সুপার, সভাপতি ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসা

নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২-৭১৩(৮)

তারিখ: ১৬ অগ্রহায়ণ, ১৪২৯ / ০১ ডিসেম্বর, ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক (সকল);
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৩. জেলা শিক্ষা অফিসার (সকল);
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
৬. সদস্যবৃন্দ-গভার্নিং বডি/ম্যানেজিং কমিটি/ এডহক কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল মাদ্রাসা;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

১/১২/২২

(মোঃ ওমর ফারুক)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২- ৯৬৭৪৮৭৪
ইমেইল: dradmin@bmeb.gov.bd

E:\Admin\Manik\Madrasha Letter\মহান বিজয় দিবস ২০২২ প্রস্তুতিমূলক সভা.Docx

...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০..০৪৩.২৩.০০৩.১৭.২১৮ তারিখ: ২৯ কার্তিক ১৪২৯
১৪ নভেম্বর ২০২২

বিষয়: **মহান বিজয় দিবস ২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.২৩.০০১.২.৪১৫, তারিখ: ১০ নভেম্বর, ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে 'মহান বিজয় দিবস ২০২২' উদ্‌যাপন উপলক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি, এম.পি. এর সভাপতিত্বে গত ০৭ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো। উক্ত সভার কার্যবিবরণীর আলোকে 'মহান বিজয় দিবস ২০২২' যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

১৪-১১-২০২২
ড. মোঃ আশরাফুজ্জামান
যুগ্মসচিব
ফোন: ০২-৫৫১০১০৭৪
ইমেইল: cordtmed@gmail.com

বিতরণ :

১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদরাসা শিক্ষা অধিদপ্তর
২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৪) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
৫) সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৬) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া
৭) অধ্যক্ষ, অধ্যক্ষ-এর দপ্তর , বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট
৮) উপসচিব, সেবা শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
রেজিষ্ট্রার মহোদয়ের দপ্তর
ডায়রী নং
পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
প্রকাশনা নিয়ন্ত্রক
উপ-রেজিস্ট্রার প্রশাসন/কমপ্ল
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক গোপ/পরীক্ষা
হিসাব রক্ষণ কর্মকর্তা
আইসিটি/কম্পিউটার কেন্দ্র
উপ-সহকারী প্রকৌশলী
রেজিষ্ট্রার

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০..০৪৩.২৩.০০৩.১৭.২১৮/১(৫) তারিখ: ২৯ কার্তিক ১৪২৯
১৪ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব , কারিগরি অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) অতিরিক্ত সচিব , মাদ্রাসা অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৩) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৪) ব্যক্তিগত কর্মকর্তা , প্রশাসন ও অর্থ অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা -২, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

১৪-১১-২০২২

ড. মোঃ আশরাফুজ্জামান

যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শাখা-সমন্বয়
www.shed.gov.bd.

বিষয় : মহান বিজয় দিবস ২০২২ উদ্‌যাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : ডা. দীপু মনি এম.পি.
মাননীয় মন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়

তারিখ : ০৭ নভেম্বর ২০২২
সময় : বেলা-১২.৩০ মিনিট
সভার মাধ্যম : ভার্চুয়াল

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতি বলেন, মহান বিজয় দিবস আমাদের জাতীয় জীবনের অন্যতম গৌরবময় দিন। তিনি প্রতিবছরের ন্যায় সর্বোচ্চ মর্যাদার সাথে দিবসটি উদ্‌যাপনের জন্য কর্মসূচি গ্রহণ করার ওপর গুরুত্বারোপ করেন। অতঃপর সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ে ১৪ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভা ও ২৭ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভায় গৃহীত কর্মসূচির আলোকে মহান বিজয় দিবস ২০২২ যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কর্মসূচি চূড়ান্তকরণের ওপর আলোকপাত করেন। সচিব মহোদয়ের অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) দিবসটি পালন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় ও স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণীতে শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্র:নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন। | ক) মহান বিজয় দিবস যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের অংশ হিসেবে ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর-সংস্থা এবং সরকারি-বেসরকারি ও স্বায়ত্বশাসিত শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। জাতীয় পতাকা উত্তোলনের ক্ষেত্রে People's Republic of Bangladesh Flag Rules, 1972 অনুসরণপূর্বক সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। | ১। চেয়ারম্যান, ইউ.জি.সি<br>২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর<br>৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | খ) ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বাংলাদেশের বৃহদাকারের পতাকা উত্তোলন। | ক) ঢাকা শহরে শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর-সংস্থার সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বাংলাদেশের বৃহদাকারের পতাকা উত্তোলন করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে ) ।<br><br>খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর উল্লেখযোগ্য উক্তি/উদ্ধৃতি, জাতির পিতার ছবি, জাতীয় স্মৃতিসৌধ, বীরশ্রেষ্ঠদের ছবি সম্বলিত ড্রপডাউন ব্যানার প্রদর্শন করা যেতে পারে। মন্ত্রণালয় থেকে ব্যানারের নমুনা তৈরি করে সকল দপ্তর-সংস্থায় প্রেরণ করা হবে। | ৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর<br><br>৫। অন্যান্য দপ্তর-সংস্থা প্রধান |
| ২.২ | তেজগাঁও পুরাতন বিমান বন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে কার্যক্রম ভিত্তিক যান্ত্রিক বহর প্রদর্শনী। আগামী ৩০ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে যান্ত্রিক বহরে অংশগ্রহণের জন্য মন্ত্রণালয়/বিভাগের যানবাহন, সকল জনবল এবং ধারাভাষ্যের স্ক্রিপ্ট ৯ পদাতিক ডিভিশনের নিকট পৌঁছানো নিশ্চিত করতে হবে। প্রতিষ্ঠান বা দলের নাম যথাসময়ে ধারাবাহিকভাবে ধারাভাষ্যে অর্ন্তভুক্তি নিশ্চিত করতে হবে। এছাড়া, যান্ত্রিক বহরে অংশগ্রহণের জন্য বিভিন্ন মন্ত্রণালয়ের যানবাহনের ফিটনেস সংক্রান্ত সনদ দ্রুত সম্ভব প্রদান করতে হবে। | ক) শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ পৃথকভাবে প্যারেড স্কয়ারে কার্যক্রম ভিত্তিক যান্ত্রিক বহরের প্রদর্শনীতে অংশগ্রহণ করবে।<br><br>খ) সুসজ্জিত যানবাহন চূড়ান্ত কুচকাওয়াজের জন্য আগামী ৩০ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কতৃপক্ষের নিকট হস্তান্তর করার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের অর্জন সম্বলিত বিভাগ ভিত্তিক খসড়া থিম নির্বাচন, ধারাভাষ্যের স্ক্রিপ্ট তৈরি এবং ডিসপ্লে প্রস্তুত করে আগামী ১০ (দশ) দিনের মধ্যে মাননীয় মন্ত্রী ও সংশ্লিষ্ট সচিব মহোদয়ের সম্মতি গ্রহণ করতে হবে।<br>গ) শিক্ষা মন্ত্রণালয়ের অর্জন সম্বলিত বিভাগ ভিত্তিক খসড়া থিম নির্বাচন, ধারাভাষ্যের স্ক্রিপ্ট তৈরি এবং ডিসপ্লে প্রস্তুত করে মাননীয় মন্ত্রী ও সংশ্লিষ্ট সচিব মহোদয়ের সম্মতিগ্রহণ পূর্বক যথাসময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রণালয়ের উভয় বিভাগ গত বছরের আলোকে অতিরিক্ত সচিব পর্যায়ের কর্মকর্তাকে আহবায়ক করে পৃথক ২(দুই) টি উপকমিটি গঠন করতে হবে। | ১। অতি: সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>২। অতি: সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ২.৩ | দেশের সকল জেলা এবং উপজেলা সদরে বীর মুক্তিযোদ্ধা, পুলিশ, আনসার-ভিডিপি, বিএনসিসি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, স্কুল, কলেজ, মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠন, স্কাউটস, রোভার স্কাউটস, গার্লস গাইড এবং শিশু-কিশোর সংগঠন (যেখানে সম্ভব) | ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ দেশের সকল জেলা ও উপজেলা সদরে অনুষ্ঠেয় কুচকাওয়াজ অনুষ্ঠানে এ মন্ত্রণালয়ের আওতাধীন স্কুল, কলেজ, মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, স্কাউটস, রোভার স্কাউটস, গার্লস গাইড ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর<br><br>২।মহাপরিচালক,কারিগরি শিক্ষা অধিদপ্তর<br><br>৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা |

| | | | |
|---|---|---|---|
| | কর্তৃক বর্ণাঢ্য কুচকাওয়াজ অনুষ্ঠান। | তাদের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | অধিদপ্তর |
| ২.৪ | জেলা ও উপজেলা সদরে স্কুল-কলেজ ও মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, T-20 ক্রিকেট টুর্ণামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ও হা-ডু-ডু খেলার আয়োজন। | ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ জেলা ও উপজেলা সদরে মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি-বেসরকারি স্কুল-কলেজ, মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্কুল, কলেজ ও মাদ্রাসা ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়ানুষ্ঠান, টি-টুয়েন্টি ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ও হা-ডু-ডু খেলার আয়োজন করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাদের আওতাধীন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর<br>২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর |
| ২.৫ | জাতীয় পর্যায়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন এবং যেখানে সম্ভব মুক্তিযুদ্ধভিত্তিক প্রামান্য চিত্র প্রদর্শনী। | ক) ১৬-১২-২০২২খ্রি. তারিখ হতে ৩১-১২-২০২২ খ্রি. তারিখের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজনসহ জাতীয় পর্যায়ে ও সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক আবৃত্তি এবং রচনা প্রতিযোগিতার আয়োজন করার লক্ষ্যে এ সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।<br>খ) শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচিটি উদযাপনের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে তাঁদের কন্ঠে মুক্তিযুদ্ধের উল্লেখযোগ্য স্মৃতি শিক্ষার্থীদের সম্মুখে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করতে হবে।<br>গ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মুক্তিযুদ্ধভিত্তিক একটি প্রামান্যচিত্র প্রস্তুত করে প্রদর্শনের জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করবে। | ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর<br>২।মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর |
| ২.৬ | মহান বিজয় দিবস উপলক্ষে বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণ। | মহান বিজয় দিবস উপলক্ষে বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে এ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর-সংস্থার বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণ করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট দপ্তর-সংস্থাসমূহ তাদের আওতাধীন বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করবে। | ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর<br>২।মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর<br>৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর<br>৪। চেয়ারম্যান, শিক্ষা বোর্ড (সকল) |
| ২.৭ | মহান বিজয় দিবসের বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে সমন্বয়কের দায়িত্ব পালন | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) স্ব স্ব বিভাগের এবং | ১। অতি: সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ |

| | | | |
|---|---|---|---|
| | | আওতাধীন দপ্তর-সংস্থাসমূহে মহান বিজয় দিবসের বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন। | শিক্ষা বিভাগ<br>২। অতি: সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ২.৮ | শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা অনুষ্ঠান। | বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন শহিদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা অনুষ্ঠান আয়োজন করবে। মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে যোগাযোগপূর্বক ইউজিসি আলোচনা সভার স্থান, তারিখ ও সময় নির্ধারণ করবে। | চেয়ারম্যান, ইউ.জি.সি |
| ২.৯ | শহিদ বুদ্ধিজীবী দিবসে পুষ্পস্তবক অর্পন | ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবসে রায়ের বাজারে অবস্থিত শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মন্ত্রণালয়ের পক্ষ হতে পুষ্পস্তবক অর্পন করা হবে। ঢাকাস্থ দপ্তর-সংস্থার প্রধানগণ পুষ্পস্তবক অর্পণে অংশ গ্রহণ করবেন। | ১। অতি: সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>২। অতি: সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>৩। ঢাকাস্থ দপ্তর-সংস্থা প্রধান |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(ডা. দীপু মনি এম.পি.)**
মাননীয় মন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়